



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব'র ৯৩ তম জন্মবার্ষিকী উদ্‌যাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৮ আগস্ট ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্‌যাপিত হয়েছে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর ৯৩ তম জন্মবার্ষিকী। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ৮ আগস্ট বিকাল ৪ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল এ আলোচনা সভার আয়োজন করে। সভায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় বলেন, বঙ্গবন্ধুর সকল কাজে উৎসাহ ও সহযোগিতা দিয়ে পাশে ছিলেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব। স্বাধীন বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বস্তরের বাঙালীকে ঐক্যবদ্ধ করে মহান মুক্তিযুদ্ধে উদ্বুদ্ধ করতে যে গণজাগরণ তৈরি করেছিলেন, তার অন্যতম নেপথ্য ভূমিকায় ছিলেন মহীয়সী নারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব। উপাচার্য মহোদয় আরও বলেন, বাঙালীর স্বাধীকার থেকে স্বাধীনতার গণজাগরণে অন্যতম মুখ্যভূমিকা পালন করে অকুতোভয় অতন্দ্র প্রহরীর মত বঙ্গবন্ধু শেখ মুজিবের পাশে ছায়া হয়ে ছিলেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব। দেশের জন্য তাঁর অবদান ও আত্মত্যাগ বাঙালী জাতি আজীবন কৃতজ্ঞ চিত্তে স্মরণ রাখবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট তাসনুভা হাবিব জিসানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন গনিত বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী জারিন তাসনীম ও পদার্থ বিজ্ঞান বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ফারহানা। সভায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), প্রভোস্ট, প্রক্টর, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, শিক্ষকমন্ডলীসহ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইংরেজি বিভাগের প্রভাষক ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের সহকারী আবাসিক শিক্ষক প্রজ্ঞা পারমিতা বোস। আলোচনা সভা শেষে কুইজ, রচনা প্রতিযোগিতা ও দেশাত্মবোধক আবৃত্তি প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৩-২৪

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস